

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- স্মারক নং-৪৬.০৮৩.২০৩.০০.০১৪.০০১.২০১৭- ৬১

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ ১৪২৪
০৫ জুন ২০১৭

বিষয় : “পানি সংরক্ষণ ও নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে জেলা পরিষদের পুকুর/দিঘি/জলাশয় পুনঃখনন/সংস্কার” প্রকল্পের (প্রকল্প কোড ৫০০৩) জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দকৃত অর্থ ছাড়করণ প্রসঙ্গে।


সূত্র : স্মারক নং ৪৬.০৩.০০০০.০০১.১৪.০০১.১৩-৪৪৬১

তারিখ : ২৫/০৪/২০১৭

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “পানি সংরক্ষণ ও নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে জেলা পরিষদের পুকুর/দিঘি/জলাশয় পুনঃখনন/সংস্কার” প্রকল্পটি অনুমোদিত। প্রকল্পটির জন্য চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে মোট ১০০০.০০ লক্ষ (রাজস্ব ১১৪.০০ লক্ষ + মূলধন ৮৮৬.০০ লক্ষ) টাকা বরাদ্দ নির্ধারণ করা হয়। ২০১৬-২০১৭ অর্থ বছরের মূল এডিপিতে প্রকল্পটির অনুকূলে কোন বাজেট বরাদ্দ ছিল না। প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য আরএডিপি’র বরাদ্দ মোতাবেক ১ম ও ২য় কিস্তিতে ৫০০.০০ লক্ষ (রাজস্ব ২৩.০০ লক্ষ + মূলধন ৪৭৭.০০ লক্ষ) টাকা ছাড় করা প্রয়োজন।

এমতাবস্থায়, বর্ণিত প্রকল্পটির জন্য চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরে আরএডিপি’র বরাদ্দ অনুযায়ী ১ম ও ২য় কিস্তিতে (রাজস্ব ২৩.০০ লক্ষ + মূলধন ৪৭৭ লক্ষ)= ৫০০.০০ লক্ষ(পাঁচ কোটি) টাকা ছাড়ে সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

- সংযুক্তি : (ক) সূত্রোক্ত পত্রের ছায়ালিপি
(খ) সংলগ্নি ৪ ও ৫ মোতাবেক তথ্যাদি
(গ) খাতওয়ারি বিভাজন আদেশ কপি
(ঘ) নোটাংশের ফটোকপি (সত্যায়িত)


মোঃ খাইরুল ইসলাম
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬২

সিনিয়র সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, বাজেট-১১ শাখা

অনুলিপি

- ১। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।